

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৪০

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ বিপদের মাধ্যমে পরীক্ষা করা হলে সে সময় মেয়েদের মাথার চুল মুন্ডন করা, বা উচ্চ আওয়াজে বিলাপ
করা অথবা কাপড় ছিঁড়ে ফেলা নিষেধ

ذِكْنُ الزَّجْرِ عَنْ أَنْ تَحْلِقَ الْمَرْأَةُ أَوْ تَسْلِقَ أَوْ تَضْرِقَ عِنْدَ مُصِيبَةٍ تُمْتَحَنُ بِهَا

আরবী

3140 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: قَرَأْتُ عَلَى الْفُضَيْلِ عَنْ أَبِي حَرِيزٍ أَنَّ أَبَا بُرْدَةَ حَدَّثَهُ: حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: قَرَأْتُ عَلَى الْفُضَيْلِ عَنْ أَبِي حَرِيزٍ أَنَّ أَبَا بُرْدَةَ حَدَّتُهُ: أَنَّا مُوسَى حِينَ حَضَرَهُ الْمَوْتُ قَالَ: إِذَا انْطَلَقْتُمْ بِجِنَازَتِي فَأَسْرِعُوا الْمَشْيَ وَلَا تُتْبِعُونِي بِجَمْرٍ وَلَا تَجْعَلُوا عَلَى لَحْدِي شَيْئًا يَحُولُ بيني بين التُّرَابِ وَلَا تَجْعَلُوا عَلَى تَتْبِعُونِي بِنَاءً وَأُشْهِدُكُم أَنِّي بَرِيءٌ مِنْ كُلِّ حَالِقَةٍ أَوْ سَالِقَةٍ أَوْ خَارِقَةٍ قَالُوا: سَمِعْتَ فِيهِ شَيْئًا؟ قَالَ: نَعَمْ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

الراوي: أَبُو بُرْدَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3140 | خلاصة حكم المحدث: صحيح _ ((الأحكام)) (43): ق.

বাংলা

৩১৪০. আবূ বুরদাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আবূ মুসা আশ'আরী রাদিয়াল্লাহু আনহু মুমূর্ষ্ব অবস্থায় বলেন, "যখন তোমরা আমার জানাযা নিয়ে যাবে, তখন তোমরা দ্রুত গতিতে হেঁটে যাবে, আমার সাথে কোন আগুনের অঙ্গার সাথে নিবে না, আমার বগলি কবরে আমার মাঝে ও মাটির মাঝে কোন কিছু রাখবে না এবং আমার কবরের উপর কোন স্থাপনা নির্মাণ করবে না। আমি তোমাদেরকে সাক্ষিয় রেখে বলছি, "নিশ্চয়ই আমি প্রত্যেক মাথা মুন্ডনকারিনী, উচ্চ আওয়াজে বিলাপকারিনী ও কাপড় বিদীর্ণকারিনী থেকে মুক্ত।" লোকজন বললো, "আপনি কি এই ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কোন কিছু শ্রবণ করেছেন?" জবাবে তিনি বলেন, "হ্যাঁ। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শুনেছি।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৩৯৭; ইবনু মাজাহ: ১৪৮৭; মুয়াত্তা ইমাম মালিক: ১/২২৬; আবূ দাউদ: ৩১৭১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয়: ৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ বুরদাহ্ ইবনু আবৃ মূসা আশ আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন